

নিউ ইয়র্কবাসীদের প্রতি এনওয়াইসি টেস্ট এন্ড ট্রেস কর্পস (NYC Test & Trace Corps)-এর প্রতিশ্রুতি



COVID-19 এর বিরুদ্ধে লড়াই করার জন্য NYC Test & Trace Corps-এর প্রচেষ্টার অংশ হোন: এটা আপনার স্বাস্থ্য এবং অন্যান্য নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্যের জন্য! NYC Test & Trace Corps এর কর্মসূচিগুলোতে অংশগ্রহণকারী সকল নিউ ইয়র্কবাসীর প্রতি, আমরা যেসব বিষয়ে প্রতিশ্রুতিবদ্ধ:

1. আপনার গোত্র, জাতি, ধর্ম, জাতীয় উৎপত্তি, প্রতিবন্ধকতা, যৌন দৃষ্টিভঙ্গি, লিঙ্গ পরিচয় বা লিঙ্গ অভিব্যক্তি, ইমিগ্রেশন স্ট্যাটাস, বয়স, বিমার অবস্থা, অথবা পেমেন্ট করার ক্ষমতা নির্বিশেষে আপনাকে সম্মান ও সহানুভূতির সাথে, এবং আপনার খুঁত ধরা ব্যতিরেকে আপনাকে সেবা গ্রহণের সুযোগ প্রদান করা।
2. আপনার গোপনীয়তা রক্ষা করা এবং আপনার তথ্য সুরক্ষিত রাখা। আপনি আমাদের যেসব তথ্য দিয়ে থাকেন সেগুলো গোপনীয় এবং নিউ ইয়র্ক সিটি হেলথ কোড (New York City Health Code) এবং নিউ ইয়র্ক সিটি ও স্টেটের অন্যান্য আইনের অধীনে সুরক্ষিত থাকে। আমরা এটা নিরাপদে সংরক্ষণ করব, এবং শুধুমাত্র অনুমোদিত কর্মীরাই এটি ব্যবহার করবে। NYC Test & Trace Corps এর ডাটাবেস কোনও আইন প্রয়োগকারী সংস্থার ডাটাবেসের সাথে লিঙ্ক করা হবে না।
3. আপনার সাথে মর্যাদা, সম্মান, এবং পেশাদারিত্বের সাথে আচরণ করা।
4. আপনার বা আপনার পরিবারের সদস্যদের ইমিগ্রেশন স্ট্যাটাস সম্পর্কে জিজ্ঞাস না করা।
5. আপনার যদি প্রয়োজন হয় তাহলে আমেরিকান সাইন ল্যাঙ্গুয়েজ সহ সাংস্কৃতিকভাবে যথাযথ ভাষাগত দোভাষী সেবা প্রদান করা।
6. NYC Test & Trace Corps এর পরিষেবাসমূহ বিনামূল্যে প্রদান করা। COVID-19 এর জন্য পরীক্ষা করানো এবং একজন কন্ট্যাক্ট ট্রেসারের সাথে কথা বলা, পাবলিক চার্জ আইনের (public charge rule) আওতায় বিবেচনা করা হবে না।
7. আমাদের সেবা সম্পর্কে NYC Test & Trace Corps এর কর্মীদের সাথে সম্মানজনক আলোচনায় আপনাকে অন্তর্ভুক্ত করা।
8. আপনার যদি COVID-19 থাকে অথবা সংস্পর্শে এসে থাকেন তাহলে আপনাকে অন্যদের থেকে নিরাপদে আলাদা থাকার জন্য সংস্থান প্রদান করা:
 - আপনার নিজের বাড়িতে বিনামূল্যে খাবার সরবরাহের মত সংস্থানসমূহে অ্যাক্সেস; বা
 - বিনামূল্যে কোনও হোটেল রুমে বা অন্য পরিবেশে যা আমাদের কর্মীরা ব্যবস্থা করবে। এই অস্থায়ী স্থানে, আপনি পাবেন সকল খাবারের সরবরাহ, 24/7 দক্ষ নার্স এবং ক্লিনিশিয়ান দ্বারা মনিটরিং, মানসিক স্বাস্থ্য এবং সুস্থতা সহায়তায় অ্যাক্সেস, ইন্টারনেটে অ্যাক্সেস, ও আপনার প্রিয়জনের সাথে সংযুক্ত থাকতে বিনামূল্যে আনলিমিটেড লোকাল ফোন কলের সুবিধা।
9. আপনাকে সেবা প্রদানকারী আমাদের কর্মীদের সম্পর্কে আপনার প্রশ্নসমূহের উত্তর দেওয়া, যেমন হোটেল এবং কমিউনিটি ভিত্তিক সংস্থার কর্মীবৃন্দ, তাদের নাম, পদবী এবং কাজ সহ।
10. আপনাকে একজন সুপারভাইজার বা ন্যায়পালের সাথে কথা বলার সুযোগ দেয়া। একজন ন্যায়পালের ভূমিকা হচ্ছে আপনার অধিকার রক্ষা করা এবং NYC Test & Trace Corps সম্পর্কে আপনার যে কোনও উদ্বেগের সমাধান করা। আপনি যদি বৈষম্য বা হয়রানির সম্মুখীন হন বা কাউকে হতে দেখেন, তাহলে আপনি 212-416-0197 নম্বরে ফোন করে, বা nyc.gov/humanrights ঠিকানায় ভিজিট করে, এবং 'বৈষম্য সম্পর্কে রিপোর্ট করুন' (Report Discrimination) ফরমটি ব্যবহার করে রিপোর্ট করতে পারেন।
11. আপনার প্রতি NYC Test & Trace Corps এর অস্বীকারগুলো আপনি বুঝতে পারছেন তা নিশ্চিত করা এবং আপনার যে কোনও প্রশ্নের উত্তর দিতে আপনার সাথে কাজ করা।

COVID-19 এর বিরুদ্ধে লড়াই করার জন্য আপনি কি করতে পারেন

পরীক্ষা




আপনার স্ট্যাটাস
জানুন। বিনামূল্যে
COVID-19 এবং
এন্টিবডি পরীক্ষা
করুন।

অনুসন্ধান



আপনার
কমিউনিটিতে
COVID-19
ছড়িয়ে পড়া বন্ধ
করতে আমাদের
কন্ট্যাক্ট ট্রেসারদের
আহ্বানে সাড়া দিন।

যত্ন নেয়া



অন্যদের সুরক্ষিত
রাখতে নিরাপদে
আলাদা হোন এবং
হোটেল বা বাড়িতে
যত্ন নিন।

এনওয়াইসি টেস্ট এন্ড ট্রেস কর্পস (NYC Test & Trace Corps)
আপনার ব্যক্তিগত এবং স্বাস্থ্য সম্পর্কিত তথ্যের গোপনীয়তা এবং নিরাপত্তা
রক্ষায় প্রতিশ্রুতিবদ্ধ। আমরা যেসব তথ্য পাই তা গোপনীয় এবং নিউ ইয়র্ক
সিটি হেল্থ কোডের (New York City Health Code) অধীনে সুরক্ষিত।
টেস্ট এবং ট্রেস কর্পস (Test & Trace Corps) কারো ইমিগ্রেশন স্ট্যাটাস
সম্পর্কে জানতে চাইবেনা।

NYC
HEALTH+
HOSPITALS

Test & Trace
Corps